



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

NOTICE_MASTRES_PROFESIONAL_2015(DEC)

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৬(২)/৩৭৪২

তারিখ : ১১/০১/২০১৭

২০১৭ সালের স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সের বিএড/বিএমএড/বিএসএড/বিপিএড/এমএড/এমএসএড/এমপিএড/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/এলএলবি শেষ বর্ষের অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ফরম নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৭ সালের স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সের বিএড/বিএমএড/বিএসএড/বিপিএড/এমএড/এমএসএড/এমপিএড/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/এলএলবি শেষ বর্ষের অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন আগামী ১৬ জানুয়ারি ২০১৭ তারিখ বিকাল ৪ টা থেকে শুরু হয়ে ৩১ জানুয়ারি ২০১৭ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম পূরণ করে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজে ০২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

এই ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না। আবেদনকারীদের স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে কোর্সওয়ারী মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এ প্রদর্শিত ভর্তি নিদেশিকা থেকে জানা যাবে।

২০১৭ সালের স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সের বিএড/বিএমএড/বিএসএড/বিপিএড/এমএড/এমএসএড/এমপিএড/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/এলএলবি শেষ বর্ষের অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Master's Tab-এ গিয়ে Apply Now (Masters Prof.)/Blank Data Entry (Masters Prof.) অপশনে ক্লিক করতে হবে এবং website-এ প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট স্নাতক পর্যায়ে পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার প্রাপ্ত নম্বর/সিজিপিএ ও মোট নম্বর/সিজিপিএ, পঠিত বিষয়/কোর্স, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।	১৬/০১/২০১৭ থেকে ৩১/০১/২০১৭
২।	সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার তারিখ প্রার্থীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ সংশ্লিষ্ট কলেজে আবেদন ফরম জমা দেয়ার তারিখ	১৭/০১/২০১৭ থেকে ০২/০২/২০১৭
৩।	কলেজ কর্তৃক প্রাথমিক আবেদনকারীদের ফরম অনলাইনে নিশ্চয়ন করার তারিখ	১৭/০১/২০১৭ থেকে ০৫/০২/২০১৭
৪।	কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফি সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ সংশ্লিষ্ট কলেজ প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি আবেদনকারী থেকে ২০০/- (দুইশত) টাকা হারে] সোনালী সেবার মাধ্যমে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। কলেজ Login এর মাধ্যমে Application Payment Info (Master's Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৭ সালের মাস্টার্স প্রফেশনাল "ভর্তি ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100003245 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০৬/০২/২০১৭ থেকে ০৯/০২/২০১৭
৫।	২০১৭ সালের স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সের ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজের ২০১৬ সালের ভর্তি কার্যক্রমে বরাদ্দকৃত User ID, Password এবং One Time Password (OTP) পেতে পূর্বের মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস বহাল থাকবে। তবে নতুন অধিভুক্ত কলেজসমূহের জন্য অথবা যাদের ই-মেইল নম্বর পূর্বে প্রদান করা হয়নি তাদের User ID, Password এবং One Time Password (OTP) পেতে মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেসসহ ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর আবেদন করতে হবে।	

(প্রফেসর ড. আনোয়ার হোসেন)

ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
সদস্য সচিব, মাস্টার্স ও প্রফেশনাল কোর্সসমূহে ভর্তি পরিচালনা কমিটি
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ৯২৯১০৭৪, কল সেন্টার: ০৯৬১৪-০১৬৪২৯

ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৬(২)/৩৭৪২

তারিখ : ১১/০১/২০১৭

১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়

৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স ও প্রফেশনাল)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪